উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর ডিসেম্বর/২০২৪ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ অরুন কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,
উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ঃ ৩০ - ১২ - ২০২৪ খ্রিঃ,
সময় ঃ বেলা : ১১ ঘটিকা।

উপজেলা পরিষদের মাসিক সভা
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি প্রশাসক,উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী, জামালপুর, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা পরিষদের সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা শুরু করেন। উপজেলা নিবহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | ক. ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি /২০২৪-২৫ মৌসুমে গম,ভূট্টা,সরিষা,চিনাবাদাম,শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারি ফসলের আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কর্মসূচি খুব শীঘ্রই বাস্তবায়ন হবে। এক্ষেত্রে একজন কৃষক যেকোন একটি ফসলের জন্য উপকরণ সহায়তা পাবেন। এ কার্যক্রমের আওতায় ১৮০ জন কৃষক গম,৫৬০ জন কৃষক ভুট্টা,৪৬০০ জন সরিষা,৮০জন চিনাবাদাম ৪০ জন শীতকালীন পেঁয়াজ,৩০ জনমুগ,৪০ জন মসুর এবং ২০ জন কৃষক খেসারী ফসলের জন্য বীজ ও সার সহায়তা পাবেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | ক. উপজেলা নির্বাহী অফিসার ২০২৪-২০২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি ২০২৪-২৫ মৌসুমে প্রণোদনা সঠিক কৃষকের মাঝে নির্বাচন করে প্রণোদনা বন্টন করার জন্য বলেন এবং মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে বলেন। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,২০২৫ সালের নতুন বই এখনও আসেনি জানুয়ারীর শেষ দিকে আসবে বলে কর্তৃপক্ষ অবহিত করেছেন এবং শীতকালীন খেলাধুলা চালিয়ে যাওয়ার জন্য নির্দেশনা আছে। এইচ.এ.সি. পরীক্ষার্থীদের ফ্রমফিলাপ সরকারী নীতিমালা অনুযায়ী করা হয়েছে। কোথাও কোন বাড়তি ফি নেওয়ার কথা শোনা যায় নাই। | ক. উপজেলা নির্বহী অফিসার ও প্রশাসক বলেন যে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থীদের কাছ থেকে কোন শিক্ষা প্রতিষ্ঠান বাড়তি ফি আদায় না করতে পারে। | ক.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | খ. উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণী টিকা প্রদান- ১০০ মাত্রা, হাঁস-মুরগী- ১৫০০ মাত্রা। চিকিৎসা গবাদি পশু ১৯২২ টি, হাঁস-মুরগী- ২৬,০৭০ টি। প্রশিক্ষণ- ৭৫ জন, কৃত্রিম প্রজনন- ৪৬০ টি বাচ্চা উৎপাদন ২১০ টি, রাজস্ব আদায়- টিকা ৫২৫/- কৃত্রিম প্রজনন- ৩৪,৫০০/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন নাই, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০ টি, এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে। | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |
| ০৪. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কর্যালয় সরিষাবাড়ী সভায় জানান যে, রাজস্ব বাজেটের আওতায় মৎস্যচাষীকে প্রশিক্ষণ প্রদান- ২০ জন জাটকা সংরক্ষণ অভিযান ০১ টি। ২০ জন মৎস্যচাষীকে মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান। ১২ জন মৎস্য চাষীর পুকুরে পানি পরীক্ষা করা হয়। পুকুর পরিদর্শন ও চাষিদের উন্নত প্রযুক্তি হস্থান্তর এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার মৎস্য অফিসারকে মৎস্য খাতে নতুন উদ্যোক্তা গড়ে তোলার পরামর্শ প্রদান করেন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ইতিমধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়াছে। উপজেলা প্রকৌশলী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য ৩(তিন)টি প্রকল্প প্রস্তাব করেন যেমন :<br>১.সরিষাবাড়ী উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আওতায় খেলাধুলা সামগ্রী সরবরাহ- ১ম অংশ = ২,০০,০০০/-।<br>২.সরিষাবাড়ী উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আওতায় খেলাধুলা সামগ্রী সরবরাহ- ২য় অংশ=২,০০,০০০/- ।<br>৩.সরিষাবাড়ী উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আওতায় খেলাধুলা সামগ্রী সরবরাহ- ৩য় অংশ = ২,০০,০০০/-।<br>খ.সরিষাবাড়ী উপজেলাধীন আরামনগর জিসি ঘোড়ামারা বাজার রাস্তার ১৭৫০ মি. চেইনেজ এ নির্মিতব্য ব্রীজ (BIWTA) টীম কর্তৃক পরিদর্শন করা হয়।<br>কামরাবাদ ইউপি নান্দিনা বাজার রাস্তার ২১০০ মি. চেইনেজে ১৯০.২০০ মিটার প্রস্তাবিত ব্রীজেও উক্ত টিম কর্তৃক ভিজিট করে।<br>কামরাবাদ ইউপি নান্দিনা বাজার রাস্তার ৩১০ মি. চেইনেজ ধসে যওয়া ব্রীজের পার্শ্বে নতুন একটি ব্রীজ নির্মানের প্রস্তাব পাঠানোর জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের কার্যক্রম চলমান।<br>সরিষাবাড়ী উপজেলাধীন গ্রামীন সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষন প্রকল্পের আওতায় ৪টি রাস্তা মোট ১৩ কি.মি. মেরামত করার জন্য ইতিমধ্যে টেন্ডার করা হয়েছে। কার্যাদেশ প্রাপ্তির সাপেক্ষে কাজ শুরু করা হবে।<br>জামালপুর প্রকল্পের আওতায় মোট ১১টি রাস্তার উন্নয়ন কাজ চলমান আছে।<br>Flood.প্রকল্পের আওতায় শিমলাবাজার রায়গঞ্জ জিসি মোট ৫.০৮০ কি.মি. রাস্তার মেরামত কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে।<br>সরিষাবাড়ী উপজেলাধীন মহাদান ইউনিয়ন এবং ডোয়াইল ইউনিয়ন ভূমি অফিস নির্মানের জন্য মাটি পরীক্ষা এবং সার্ভে ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে।<br>PEDP-4 প্রকল্পের আওতায় ১৪টি প্রাইমারী স্কুল এবং জিপিএস প্রকল্পের আওতায় ১৬ টি স্কুলের কাজ চলমান আছে। | ক. উপরিউক্ত প্রকল্প ৩(তিন) টি সভায় সর্বসম্মতিক্রমে পাশ হয়। উক্ত প্রকল্প গুলি বার্ষিক উন্নয়ন তহবিল (রাজস্ব) খাত হতে (পি,আই,সি) কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রতিটি প্রকল্পের কাজের মান এবং তদারকি বৃদ্ধি করতে হবে যাতে কাজের গুনগত মান বৃদ্ধি পায়। | ক. উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | ক. বিগত ০২/১২/২০২৪ খ্রিঃ তারিখ হতে অত্র উপজেলাধীন সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেনির তৃতীয় প্রান্তিক মূল্যায়ন শুরু হয় এবং ১০/১২/২০২৪ খ্রিঃ তারিখে শেষ হয়। আগামী ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফলাফল ঘোষণার নির্দেশনা দেওয়া হয়েছে। অত্র উপজেলায় ২০২৫ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক থেকে ৫ম শ্রেণি পর্যন্ত মোট পাঠ্য পুস্তকের চাহিদা ১৯৭৪০০ টি অদ্যাবধি অত্র উপজেলায় কোন শ্রেণি পাঠ্যপুস্তক পাওয়া যায়নি। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৪ সনের ০+ থেকে ১৪+ পর্যন্ত শিশু জরিপ করা হয়েছে এবং ভর্তি যোগ্য শিশুদের বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. আগামী ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফলাফল ঘোষনার নির্দেশনা দেওয়া হয়। নতুন বছরের এখনও কোন বই পাওয়া যায়নাই। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৪ সনের ০+ থেকে ১৪+ পর্যন্ত শিশু জরিপ করা হয়েছে এবং ভর্তি যোগ্য শিশুদের বিদ্যালয়ে ভর্তি কার্যক্রম চলমান। | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা কার্যবিবরণী পাওয়া যায়নি। | ক. | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা | ক. উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে । হ্যাকিং রোধে | ক. উপজেলা নির্বাহী অফিসার সকল বরাদ্দ নীতিমালা অনুযায়ী | ক.উপজেলা সমাজসেবা |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | অফিস। | ভাতাভোগীদেরকে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চলমান । ৩০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে জরিপের আওতায় আনয়ন এবং ২০ জনকে সূবর্ণ নাগরিক কার্ড প্রদান । হাসপাতালেরোগী কল্যাণ সমিতির মাধ্যমে ১২ জন দুস্থ অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ১৩,০০০/- টাকার ঔষধ বিতরণ করা হয় । ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ৬,৫০,০০০/- টাকার ঋণ আদায় করা হয়েছে । | তাগিদ প্রদান করেন । | অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ৩০, মোট সম্পাদন ১৭৪ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-০৫ টি, মোট সম্পাদন ২৫, রাজস্ব আদায় (ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ২২০০ মোট সম্পাদন ২৯,১১০/ -,সমবায় উন্নয়ন তহবিল আদায় ৭৩২/- মোট সম্পাদন ১৮,৮৮৬/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১৫ টি, মোট সম্পাদন ৫৯ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ৬ টি, মোট সম্পাদন ১৬ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান (সেলাই)চলতিমাসে ০০ মোট সম্পাদন ২০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ০ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৫২০০০/- মোট সম্পাদন ৩,৭২,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৫০০, মোট সম্পাদন ৩১২,০৮২, সমবায়ীদের অবহিত করণ সভা চলতি মাসে ৪ টি, মোট অর্জন ৬ টি, অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক. উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৪-২০২৫ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর<br>রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ মাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। নভেম্বর/২৪ পর্যন্ত<br>৪টি ব্যাচে ১২০ জনকে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>পরিবারভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ<br>বিতরণের লক্ষ মাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশ লক্ষ) টাকা । ২০২৪-২০২৫ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান<br>কর্মসূচীতে ১৩ জনকে ৬,৯০,০০০/= (ছয় লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং পরিবারভিত্তিক<br>কর্মসংস্থান কর্মসূচীর আওতায় ১ টি কেন্দ্র গঠন এর কাজ চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, নভেম্বর/২০২৪ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৭,০৫১ জন উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৫০১ । পদ্ধতি গ্রহণকারীর হার-৭৬.৮১% জন । পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০২ জন, আই. ইউ. ডি ১৯ জন , ইমপ্লান্ট-২৫ জন, ইনজেকশন ৮৪০ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৫৬৪ চক্র. খাবার বড়ি (আপন) ১২২ চক্র, কনডম- ১৭১৪১ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক. ডিসেম্বর/২০২৪ ইং মাসের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ ০৮ টি ইউনিয়নের (ডিও) প্রদান করা হয়েছে। তাছাড়া জুলাই ও আগস্ট মাসে ভিডব্লিউবি বরাদ্দ নির্দিষ্ট সময়ে উত্তোলন না হওয়ায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাদ্দটি ফেরত প্রদান করেন। এরই পরিপ্রেক্ষিতে মহিলা বিষয়ক অধিদপ্তরে আবেদন সাপেক্ষে ৩০ ডিসেম্বর এর মধ্যে উত্তোলনের সময় সীমা বৃদ্ধি করা হয়েছে। কিন্তু খাদ্য মন্ত্রণালয়ের পুনঃ আদেশ না থাকায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরিষাবাড়ী জুলাই ও আগস্ট মাসের ভিডব্লিউবি চালের বরাদ্দ আদেশ (ডিও) প্রদানে অনিচ্ছা প্রকাশ করেন। যা খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে (ডিও) প্রদান করা হবে মর্মে জানানো হয়েছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাকেব বিতরণ কার্যক্রম পরিচালনা করার পরামর্শ প্রদান করেন। | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি আর ডিবি) | ক. বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার সকল প্রকল্প/কর্মসূচির ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১.৫০ লক্ষ টাকা প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। মাঠ পর্যায়ে ৯৭.৭৪ লক্ষ টাকা খেলাপি রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপি টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ৬ টি ব্যাচ যা ইতিমধ্যে ০৩টি ব্যাচ প্রশিক্ষণ শেষ হয়েছে । খেলাপি আদায়ের লক্ষ্যমাত্রা ৯৫.০ যা ইতিমধ্যে ৪.০ লক্ষটাকা আদায় করা হয়েছে । আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপি ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। মাঠ পর্যায়ের খেলাপি টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টা, মোট সদস্য সংখ্যা- ৫৮৮২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋণ বিতরণ ৭৫.০০ (লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায় ৮৫.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ২৫.০০ (লক্ষ টাকা) ঋণ আদায়ের হার ৯৬% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋণ আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায়ের হার ১০০%খেলাপি ঋণের পরিমাণ ১৫.০০(লক্ষ) টাকা, খেলাপি থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমাণ ১৭২.৬০ (লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋণ আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋন আদায়ের হার ৯৮%, মোট খেলাপি ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপি থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৪৬.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, শীত বস্ত্র কম্বল বিতরণের কাজ চলমান রয়েছে।<br>গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্পের টেন্ডারের কাজ এবং সেতু/ কালভার্ট এর কাজ চলমান রয়েছে এছাড়াও ২০২৪ - ২৫ অর্থ বছরের এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি । | ক. সঠিকভাবে শীত বস্ত্র বিতরণ এবং হেরিং বোন বন্ড (এইচবিবি) টেন্ডারের কাজ শেষ করতে হবে এবং নির্দিষ্ট সময় এর ভিতরে প্রকল্প শেষ করতে হবে । | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্ত র। | ক. মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ৩২ টি (৩০-৪০ পরিবার) কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্মল স্কীমের গভীর নলকূপ স্থাপন কাজ শেষ পর্যায়ে আছে।<br>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৩৯ টি,গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর স্থাপন কাজ শেষ এবং স্ট্রাকচার নির্মাণ কাজ চলমান আছে ।<br>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ ইং অর্থ বছরে বরাদ্দকৃত সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৬৬ টি গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১টি) এর চূড়ান্ত স্থান তালিকা সম্পন্ন হয়েছে।<br>GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত জলাধার সহ অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। দপ্তরীয় অন্যান্য কাজসুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুযায়ী শেষ করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের কোন কার্যবিবরণী পাওয়া যায় নাই। | ক. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক. পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০ টি সমিতিতে ১০৪২৭ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৭৯৭৫ জন (এসএমই সহ)।সদস্যর সঞ্চয় আছে ৬,৫৫,১০,০০০/- টাকা ও ঋণের স্থিতি আছে ২১,১৫,০০,০০০/-।এ পর্যন্ত শাখায় ১৪৩৫ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫০৯ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক। |
| ২০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি প্রকল্পের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য মাসিক সভার নোটিশ ও কার্যবিবরণী, বার্ষিক আর্থিক বিবরণী,এডিপি রিপোর্ট, বার্ষিক ও পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরি করে আপলোড করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হাল নাগাদ করার জন্য তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে অনুরোধ করা হয়। | ইউডিএফ, সরিষাবাড়ী |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়ীরা লোকসানের মুখে পড়েছে। এ বৎসর ১৯৯ টি লাইসেন্স রেনু করা হয়েছে লক্ষমাত্রা ২২৫টি নির্ধারন করা হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। সকল প্রকার পাট ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় নিয়ে আসতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, নভেম্বর মাসে গ্রহক সংযোগ আবাসিক = ১০৬ টি, বানিজ্যিক = ০৮ টি, সেচ = ০২ টি, শিল্প,= ৪ টি, অন্যান্য = ৪ টি, সর্বমোট = ১২৪ টি।<br>খ. বিদ্যুৎ সরবরাহ ঃ ০১। পিক আওয়ার সন্ধা ৬.০০ হতে রাত ১১.০০ ঘটিকা, চাহিদা ১১.৮ মে: ও:, প্রাপ্তি ১১.৮ মে: ও:, লোডশেডিং ০০ মে:ও:।<br>০২। অফ পিক আওয়ার রাত ১২.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ পর্যন্ত, চাহিদা ৮.৭ মে:ও: প্রাপ্তি ৮.৭ মে:ও: লোডশেডিং ০০ মে:ও: অর্থাৎ অফ পিক আওয়ারে ১০% লোডশেডিং হচ্ছে।<br>খ.নির্বাহী প্রকৌশলী পিডিবি সভায় জানান যে, তাদের বর্তমানে কোন প্রকার লোডশেডিং নাই তবে সামনে সেচ মৌসুমে একটু লোডশেডিং হতে পারে বলে সভায় অবহিত করেন।<br>গ. উপজেলা নির্বাহী অফিসার সভায় নির্বাহী প্রকৌশলী পিডিবি এবং ডিজি এম পল্লীবিদ্যুৎকে বলেন, যেখানে সরকারী সম্পত্তি দখল করে বাড়ী অথবা দোকান করা হয়েছে সেসব স্থাপনায় বিদ্যুৎসংযোগ বিচ্ছিন্ন করার জন্য বলেন। | ক. নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জনান যে, সরকারী স্থাপনার তালিকা হাতে পাওয়া মাত্রই ব্যবস্থা গ্রহণ করা হবে। | নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩. | বিবিধ আলোচনা. | ক. উপজেলা নির্বাহী অফিসার বলেন, যে উপজেলা (বিএডিসি) সেচ অফিস কে, কো-অপ্ট করে নেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। | ক. উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে পাশ হয়। | উপজেলা প্রশাসক ও নির্বাহী অফিসার সরিষাবাড়ী। |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২৪
অরুণ কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।
তারিখ ঃ ৩০-১২- ২০২৪ খ্রি

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৪-২০২৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। জেলা প্রশাসক, জামালপুর।
০২। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৩। সহকারী কমিশনার ভূমি সরিষাবাড়ী জামালপুর ।
০৪। অফিসার ইনচার্জ সরিষাবাড়ী থানা, সরিষাবাড়ী, জামালপুর।
০৫। জনাব ..........................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ...........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,...........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................................

৩০/১২/২৪

অরুণ কৃষ্ণ পাল
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী মাসিকসভা ডিসেম্বর/২০২৪খ্রিঃ উপস্থিত হাজিরা ঃ-

তারিখ ঃ- ৩০/ ১২/২০২৪খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | (অরুন কৃষ্ণ পাল) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ সরিষাবাড়ী । | ০১৭০৯-৯৭০২০০ | |
| ০২। | অনুপ সিংহ উপজেলা কৃষি অফিসার | 01724835688 | |
| ০৩। | ডাঃ মোঃ হাবিবুর রহমান ULO | 01711-228917 | |
| ০৪। | মোঃ নূর মামুদ, [illegible] | 01716-861418 | |
| ০৫। | মোঃ জাহিদুল ইসলাম উপঃ প্রকৌঃ | 01716366825 | |
| ০৬। | নাহিদা ইয়াসমীন উপঃ মাঃ শিঃ অঃ | 01718160216 | |
| ০৭। | আসমা নাজনীন UWAO | 01716-331753 | |
| ০৮। | সাদিকুল ইসলাম , তথ্যসেবা কর্মকর্তা | 01313704434 | |
| ০৯। | মোঃ মোজাম্মেল হক, USEO | 01712145511 | |
| ১০। | মোঃ মোজাম্মেল হক F.S | 01716-258827 | |
| ১১। | মোঃ মোজাম্মেল হক BM, PSB | ~~01716-~~ 01913-361998 | |
| ১২। | মোঃ ওয়ালী উল্লাহ | 01745420392 | |
| ১৩। | মেহেদী হাসান | 01677172738 | |
| ১৪। | মোঃ আওরঙ্গজেব, পরিদর্শক (পাট) | 01711-196794 | |
| ১৫। | মোহাম্মদ [illegible] ARDO | 01964-386101 | |
| ১৬। | মোঃ আক্তারুজ্জামান আলম, UDF, UGDP | 01734-354293 | |
| ১৭। | মোঃ আনিছুর রহমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান | 01721743336 | |
| ১৮। | মোঃ আব্দুল হালিম UCO | 01714788610 | |
| ১৯। | সুলতান মহিউদ্দিন U.Y.D.O. | 01714880393 | |

| | | | |
|---|---|---|---|
| ১৯। | | | |
| ২০। | মোঃ আবু বকর সিদ্দিক আকন্দ<br>এ.জি.এম (কোয়ালিটি) | 01769400489 | |
| ২১। | মো: মাহমুদুল হাসান (AE): BPDB | 01913330722 | |
| ২২। | মোঃ [illegible]<br>ম্যানেজার [illegible] | 01714715932 | |
| ২৩। | [illegible] মেম্বার<br>৪ নং ওয়ার্ড | 01720015659 | |
| ২৪। | লতিফুল জামিল<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01700717222 | |
| ২৫। | | | |
| ২৬। | | | |
| ২৭। | | | |
| ২৮। | | | |
| ২৯। | | | |
| ৩০। | | | |
| ৩১। | | | |
| ৩২। | | | |
| ৩৩। | | | |
| ৩৪। | | | |
| ৩৫। | | | |
| ৩৬। | | | |
| ৩৭। | | | |